গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সুরক্ষা সেবা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
প্রশাসন-৩ অধিশাখা
www.ssd.gov.bd

স্মারক নং- ৫৮.০০.০০০০.০১৪.০৬.০০১.২০১৮- ৬৯৬

তারিখঃ ১৩ অগ্রাহায়ণ ১৪২৫ / ২৭ নভেম্বর ২০১৮

বিষয়ঃ মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি ও নির্দেশনা বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবরণী প্রেরণ ।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ১১ নভেম্বর ২০১৮ তারিখে অনুষ্ঠিত মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি ও নির্দেশনা বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবরণী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এসঙ্গে প্রেরণ করা হলো। সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন আগামী ০২-১২-২০১৮ তারিখের মধ্যে হার্ডকপি সরাসরি ও সফট কপি (Nikosh font ১৩ সাইজে) ই-মেইল (admin3@ssd.gov.bd) এবং পেনড্রাইভে প্রশাসন-৩ অধিশাখায় প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি :সভার কার্যবিবরণী।

২৭.১১.১৮

(মোঃ আবদুল কাদির)
উপসচিব
ফোনঃ ৪৭১২৪৩৫৯
admin3@ssd.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

সুরক্ষা সেবা বিভাগঃ

১। অতিরিক্ত সচিব .................(সকল), সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।
২। যুগ্মসচিব ..................(সকল), সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।
৩। উপসচিব .................(সকল), সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।
৪। উপপ্রধান(পরিকল্পনা), সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।
৫। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, এজিবি ভবন, সেগুন বাগিচা, ঢাকা।
৬। সিনিয়র সহকারী সচিব ..................(সকল),সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।
৭। সিনিয়র সহকারী প্রধান(পরিকল্পনা-১), সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।
৮। সহকারী প্রধান(পরিকল্পনা-২), সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।
৯। প্রোগ্রামার, আইসিটি সেল, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা। ওয়েবসাইটে প্রকাশ করার অনুরোধসহ।
১০। সহকারী সচিব.................(সকল),সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।

অধিদপ্তরসমূহঃ

১। মহাপরিচালক, বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর, ঢাকা।
২। মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, ঢাকা।
৩। মহাপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
৪। কারা মহাপরিদর্শক, কারা অধিদপ্তর, ঢাকা।

অনুলিপিঃ

১। সচিব মহোদয়ের একান্ত সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
সুরক্ষা সেবা বিভাগ
প্রশাসন-৩ অধিশাখা
www.ssd.gov.bd

## সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় এবং আওতাধীন অধিদপ্তরসমূহের এর জন্য মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি ও নির্দেশনা বাস্তবায়ন অগ্রগতি সংক্রান্ত অক্টোবর ২০১৮ মাসের সভার কার্যবিবরণী।

সভাপতি : ফরিদ উদ্দিন আহম্মদ চৌধুরী, সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়
তারিখ ও সময় : ১১ নভেম্বর ২০১৮, বিকাল ০৩.০০ টায়
স্থান : সম্মেলন কক্ষ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়
উপস্থিত কর্মকর্তাগণের তালিকা : পরিশিষ্ট-'ক'

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত ও শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি ও নির্দেশনা সংশ্লিষ্ট চলমান প্রকল্পসহ অন্যান্য গুরুত্বপূর্ণ কার্যক্রম যথাসময়ে, সুষ্ঠু ও মানসম্মতভাবে বাস্তবায়ন নিশ্চিত করার লক্ষ্যে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য তিনি উপস্থিত সকলকে বিশেষভাবে অনুরোধ জানান। অতপর সভাপতির নির্দেশক্রমে অধিদপ্তরওয়ারী মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি ও নির্দেশনার বাস্তবায়ন অগ্রগতি পর্যায়ক্রমে সভায় উপস্থাপন করা হয়।

২। ১১ নভেম্বর ২০১৮ তারিখে অনুষ্ঠিত সভার সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা :

| | আলোচ্যসূচি | সিদ্ধান্ত | |
|---|---|---|---|
| ২.১ | গত সভার (সেপ্টেম্বর ২০১৮) কার্যবিবরণী দৃঢ়ীকরণ | সেপ্টেম্বর ২০১৮ মাসের সভার কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা দৃঢ়ীকরণ করা হয়। | |

| আলোচ্যসূচি | | | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ক্র নং: | অধিদপ্তরের নাম | মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি ও নির্দেশনা | | |
| ২.২ | কারা অধিদপ্তর (প্রতিশ্রুতি-২০টি) | প্রতিশ্রুতি-০১: বন্দিদের উৎপাদিত পণ্যের বিক্রয়লব্ধ অর্থ হতে মজুরী প্রদানের ব্যবস্থা করা। | **বাস্তবায়িত** | --- |
| | | প্রতিশ্রুতি-০২: কারা কর্মচারীদের ছেলে-মেয়েদের জন্য স্কুল বাস প্রদান করা হবে, প্রয়োজনে নতুন স্কুল নির্মাণ। | • "ঢাকা কেন্দ্রীয় কারাগার কেরাণীগঞ্জ নির্মাণ" প্রকল্পে ০২টি স্কুল বাস অন্তর্ভুক্ত আছে। অর্থ মন্ত্রণালয়ের ব্যয় মঞ্জুরি প্রাপ্তির বিষয়ে অর্থ বিভাগের সাথে ব্যক্তিগত ও দাপ্তরিক যোগাযোগ অব্যাহত রাখা; | কারা মহাপরিদর্শক, কারা অধিদপ্তর/ সংশ্লিষ্ট অনুবিভাগ প্রধান। |
| | | প্রতিশ্রুতি-৩: সার্বিক ব্যবস্থাপনা উন্নয়নের লক্ষ্যে কারাগারের কর্মকর্তার সংখ্যা বৃদ্ধি করা। | • কারা অধিদপ্তর হতে প্রেরিত ১৩৫ জন অতিরিক্ত কর্মকর্তা/কর্মচারীর পদ সৃষ্টির প্রস্তাবের প্রেক্ষিতে গঠিত কমিটি কর্তৃক দ্রুত পরীক্ষা-নিরীক্ষাপূর্বক সচিবের নিকট উপস্থাপন করা। | কারা মহাপরিদর্শক, কারা অধিদপ্তর/সংশ্লিষ্ট অনুবিভাগ প্রধান। |
| | | প্রতিশ্রুতি-৪: কেরাণীগঞ্জে কারা কর্মকর্তা-কর্মচারীদের জন্য প্রশিক্ষণ কেন্দ্র স্থাপন। | • কেরাণীগঞ্জে বঙ্গবন্ধু শেখ মুজিব কারা প্রশিক্ষণ একাডেমি প্রতিষ্ঠার লক্ষ্যে প্রস্তাবিত প্রকল্পটির ডিপিপি ০২-০৮-২০১৮ তারিখে পরিকল্পনা কমিশনে অনুমোদনের জন্য প্রেরণ করা হয়েছে। প্রয়োজনীয় যোগাযোগরক্ষাপূর্বক যথাযথ ব্যবস্থা গ্রহণ করা | কারা মহাপরিদর্শক, কারা অধিদপ্তর/সংশ্লিষ্ট অনুবিভাগ প্রধান। |
| | | প্রতিশ্রুতি-৫: কেরাণীগঞ্জে কারা কর্মকর্তা-কর্মচারী ও সর্বসাধারণের জন্য ২০০-২৫০ শয্যার হাসপাতাল স্থাপন। | • ০৮-০৮-২০১৮ তারিখের যাচাই কমিটির সভার সিদ্ধান্তের প্রেক্ষিতে দ্রুত ডিপিপি পুনর্গঠন করা। | কারা মহাপরিদর্শক, কারা অধিদপ্তর/সংশ্লিষ্ট অনুবিভাগ প্রধান। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | প্রতিশ্রুতি-৬: কারারক্ষীদের বিশেষ করে মহিলা কারারক্ষীদের থাকার ভাল ব্যবস্থা করতে হবে। | • মহিলা কারারক্ষীদের আবাসন সুবিধা নিশ্চিতকল্পে ৫০টি কারাগারে ৪৫৬টি ফ্ল্যাট নির্মাণের লক্ষ্যে ৯৩ কোটি ৯৬ লক্ষ ৭৮ হাজার টাকা প্রাক্কলিত মূল্যে 'মহিলা কারারক্ষীদের জন্য আবাসন নির্মাণ' প্রকল্প গ্রহণ করা হয়েছে। কাজের অগ্রগতি সন্তোষজনক নহে। কাজের গুণগতমান বজায় রেখে নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করা;<br>• ''মহিলা কারারক্ষীদের আবাসন নির্মাণ'' শীর্ষক প্রকল্পের ডিপিপিতে অন্যান্য কারাগারে মহিলা কারারক্ষীদের জন্য একই রকম সুবিধা প্রদানের লক্ষ্যে ডিপিপি প্রণয়নের কাজ দ্রুত সম্পন্ন করা;<br>• যে সকল কারাগারের কাজ এখনো শুরু হয়নি তা দ্রুততার সাথে আরম্ভ করা;<br>• সকল কারাগারে বিশেষ করে নতুন প্রকল্পের আওতায় মহিলা কারারক্ষীদের একই রকম আবাসিক সুযোগ-সুবিধা নিশ্চিত করা। | কারা মহাপরিদর্শক, কারা অধিদপ্তর/সংশ্লিষ্ট অনুবিভাগ প্রধান। |
| | | প্রতিশ্রুতি-৭: কারাগারকে বন্দিশালা নয় শোধনাগারে পরিবর্তন করার পদক্ষেপ গ্রহণ করা হবে। | কারাগারকে বন্দিশালা নয় শোধনাগারে পরিবর্তন করার লক্ষ্যে নিম্নরূপ পদক্ষেপ গ্রহণ করা:<br>• মাদকাসক্ত বন্দিদের মাঝে মাদকবিরোধী উদ্বুদ্ধকরণ সম্পর্কিত কর্মসূচি চালু করা।<br>• এ নির্দেশনা বাস্তবায়নে প্রয়োজনীয় সহযোগিতার জন্য আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়কেও যুক্ত করা;<br>• কারাগারকে সংশোধনাগারে পরিবর্তন করার লক্ষ্যে আরও বৃত্তিমূলক কাজের সম্প্রসারণ করা, এ জন্য প্রয়োজনীয় বাজেট সংস্থানের জন্য ব্যবস্থা গ্রহণ করা;<br>• কারা আইনসহ এ সংক্রান্ত বিধি দ্রুত চূড়ান্ত করা।<br>• কারা অধিদপ্তর কর্তৃক প্রস্তাবিত অতিরিক্ত সংখ্যক কর্মকর্তা-কর্মচারীর পদ সৃষ্টি ও কমিটি কর্তৃক নিয়োগ বিধি দ্রুত চূড়ান্ত করা;<br>• স্থানীয় কারা কর্তৃপক্ষের সাথে সমন্বয় সাধন করতঃ কারাগারের নিরাপত্তা নিশ্চিতপূর্বক কারা অভ্যন্তরে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর কর্তৃক মাদকবিরোধী গণসচেতনামূলক কার্যক্রম পরিচালনা অব্যাহত রাখা। | কারা মহাপরিদর্শক, কারা অধিদপ্তর/সংশ্লিষ্ট অনুবিভাগ প্রধান/ মাদক অনুবিভাগ |
| | | প্রতিশ্রুতি-৮ : বন্দিদের প্রশিক্ষণ দিয়ে দক্ষ জনশক্তি হিসেবে গড়ে তোলা হবে। | • বন্দিদের দক্ষ জনশক্তি হিসেবে গড়ে তোলার লক্ষ্যে উৎপাদনমুখী বিভিন্ন প্রশিক্ষণ প্রদান অব্যাহত রাখা;<br>• ক্ষুদ্র, কুটির ও মাঝারী শিল্পের প্রশিক্ষণ কার্যক্রম সম্প্রসারণ অব্যাহত রাখা;<br>• কেরাণীগঞ্জে বঙ্গবন্ধু শেখ মুজিব কারা প্রশিক্ষণ একাডেমি প্রতিষ্ঠার লক্ষ্যে প্রস্তাবিত প্রকল্পটির ডিপিপি ০২-০৮-২০১৮ তারিখে পরিকল্পনা কমিশনে অনুমোদনের জন্য প্রেরণ করা হয়েছে। প্রয়োজনীয় যোগাযোগরক্ষাপূর্বক যথাযথ ব্যবস্থা গ্রহণ করা। | কারা মহাপরিদর্শক, কারা অধিদপ্তর/ অতিরিক্ত সচিব (কারা) |
| | | প্রতিশ্রুতি-৯: কারাগারে নিরাপত্তামূলক ব্যবস্থা অত্যাধুনিকরণ করা হবে | আংশিক বাস্তবায়িত।<br>• ঢাকা, চট্টগ্রাম ও ময়মনসিংহ বিভাগের ৩২ কারাগারের নিরাপত্তামূলক ব্যবস্থা আধুনিকীকরণ প্রকল্পের (৪৯ কোটি ৯৮ লক্ষ ২৪ হাজার) কাজের অগ্রগতি ৩০.৩৬%। এ প্রকল্পের অবশিষ্ট কাজ নির্ধারিত সময়ে সম্পন্ন করা;<br>• কারা নিরাপত্তামূলক ব্যবস্থা আধুনিকীকরণের জন্য ১৫০ | কারা মহাপরিদর্শক, কারা অধিদপ্তর/ সংশ্লিষ্ট অনুবিভাগ প্রধান। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | | কোটি টাকার প্রাক্কলিত ব্যয়ে ৫টি বিভাগে (রাজশাহী, রংপুর, খুলনা, বরিশাল ও সিলেট) ৩৬টি কারাগারের নতুন একটি প্রকল্প গ্রহণ করা হয়েছে। প্রকল্পের ডিপিপি প্রণয়ন কার্যক্রম দ্রুত সম্পন্ন করা। | |
| | | প্রতিশ্রুতি-১০: কারা কর্মকর্তা/কর্মচারীদের বিভিন্ন ধরনের সমস্যা দূরীকরণে মর্যাদার সামঞ্জস্য খতিয়ে দেখে ব্যবস্থা গ্রহণ করা হবে। | • কারা অধিদপ্তরের কর্মকর্তার সংখ্যা বৃদ্ধিসহ, কর্মকর্তা/কর্মচারীদের আপগ্রেডেশন এবং কারা অধিদপ্তর (কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধিমালা সংশোধনের লক্ষ্যে কারা অধিদপ্তর কর্তৃক প্রস্তুতকৃত খসড়া দ্রুত চূড়ান্ত করা।<br>• কারা কর্মকর্তা/কর্মচারীদের সংখ্যা বৃদ্ধিসহ মর্যাদা নির্ধারণ করে কারা অধিদপ্তর (কর্মকর্তা/কর্মচারী)খসড়া নিয়োগ বিধিমালা চূড়ান্ত করে জনপ্রশাসন মন্ত্রণালয়ে দ্রুত প্রেরণ করা। | কারা মহাপরিদর্শক, কারা অধিদপ্তর/ সংশ্লিষ্ট অনুবিভাগ প্রধান। |
| | | প্রতিশ্রুতি-১১: কারা বিভাগের কর্মচারীদের জন্য তাজা রসদ ভাতা প্রবর্তন। | • কারা অধিদপ্তর হতে প্রাপ্ত তাজা রসদ ভাতা প্রবর্তন বিষয়ক প্রস্তাব দ্রুত উপস্থাপন করা। | কারা-১ শাখা |
| | | প্রতিশ্রুতি-১২: রাজশাহীতে কারা প্রশিক্ষণ একাডেমি নির্মাণ। | • প্রকল্পের মেয়াদ বৃদ্ধিসহ ডিপিপি সংশোধনের কাজ দ্রুত সম্পন্ন করা। | কারা মহাপরিদর্শক, কারা অধিদপ্তর /সংশ্লিষ্ট অনুবিভাগ প্রধান। |
| | | প্রতিশ্রুতি-১৩: কারা কর্মচারীদের পোশাক ও র‍্যাংক ব্যাজ প্রবর্তন। | **বাস্তবায়িত** | ১৬-১০-২০১৬ এর মাধ্যমে বাংলাদেশ জেল পোশাক নীতিমালা অনুমোদিত হয়েছে। |
| | | প্রতিশ্রুতি-১৪: বর্তমানে ঢাকা কেন্দ্রীয় কারাগার জুন ২০১৫ এর মধ্যে কেরাণীগঞ্জে স্থানান্তর এবং ঢাকা কেন্দ্রীয় কারাভ্যন্তরে স্থাপিত বঙ্গবন্ধু ও জাতীয় চার নেতা কারা স্মৃতি জাদুঘর জনগণের জন্য উন্মুক্তকরণ। | • আংশিক বাস্তবায়িত।<br>• গত ১১-০৯-২০১৮ তারিখে প্রকল্পটি একনেক কর্তৃক অনুমোদিত হয়েছে। মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক ০১-১১-২০১৮ তারিখে প্রকল্পের নির্মাণ কাজের ভিত্তি প্রস্তর স্থাপন করা হয়েছে। এক্ষণে প্রকল্প বাস্তবায়নে দ্রুত কার্যকরী ব্যবস্থা গ্রহণ করা। | কারা মহাপরিদর্শক, কারা অধিদপ্তর /সংশ্লিষ্ট অনুবিভাগ প্রধান। |
| | | প্রতিশ্রুতি-১৫: বর্তমান ঢাকা কেন্দ্রীয় কারাগার স্থানান্তরের পর প্রায় ০৯ একর জমিতে জনসাধারণের জন্য মনোরম পার্ক নির্মাণ এবং ০২ একর জমিতে কারা কর্মকর্তা/কর্মচারীগণের কল্যাণে বহুতল পার্কিং সিনেপ্লেক্স, ফুডকোর্ট, সুইমিংপুল, ফিটনেস সেন্টার, কনভেনশন সেন্টার সুবিধাসহ কারাকল্যাণ কেন্দ্র নির্মাণ। | • মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক ০১-১১-২০১৮ তারিখ কর্তৃক প্রকল্পের নির্মাণ কাজের ভিত্তি প্রস্তর স্থাপন করা হয়েছে। এক্ষণে প্রকল্প বাস্তবায়নে দ্রুত কার্যকরী ব্যবস্থা গ্রহণ করা। | কারা মহাপরিদর্শক, কারা অধিদপ্তর /সংশ্লিষ্ট অনুবিভাগ প্রধান। |
| | | প্রতিশ্রুতি-১৬: ঢাকায় কারা প্রশিক্ষণ ইনস্টিটিউট প্রতিষ্ঠাকরণ। | • পুরাতন ঢাকা কেন্দ্রীয় কারাগার এলাকায় কারা অধিদপ্তরের নিজস্ব জমিতে একটি প্রশিক্ষণ ইনস্টিটিউট প্রতিষ্ঠার প্রশাসনিক অনুমোদন প্রদান করা হয়েছে। এ প্রেক্ষিতে পরবর্তী প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা। | কারা মহাপরিদর্শক, কারা অধিদপ্তর |
| | | প্রতিশ্রুতি-১৭: কারা বিভাগের জনবল বৃদ্ধিকরণ। | • কারা অধিদপ্তর (কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধিমালা চূড়ান্ত করে দ্রুত জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ করা। | কারা মহাপরিদর্শক, কারা অধিদপ্তর /সংশ্লিষ্ট অনুবিভাগ প্রধান। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | প্রতিশ্রুতি-১৮: ১০০০(এক) হাজার জন দীর্ঘ মেয়াদি সাজা প্রাপ্ত বন্দিকে মুক্তি দান। | বাস্তবায়িত | |
| | | প্রতিশ্রুতি-১৯: গাজীপুর জেলার কাশিমপুরে ঢাকা কেন্দ্রীয় কারাগার নির্মাণ প্রকল্পের আওতায় নির্মিত ২০০ শয্যার কারা হাসপাতালে প্রিজন সেল থাকবে, আশেপাশের জনসাধারণের চিকিৎসার ব্যবস্থা থাকতে হবে এবং স্পেশালাইজড ইউনিটও থাকবে। | বাস্তবায়িত | |
| | | প্রতিশ্রুতি-২০: যথাযথ নিরাপত্তা নিশ্চিত করে কারা বন্দিদেরকে নির্দিষ্ট সময় অন্তর পরিবারের সাথে ফোনে কথা বলার সুযোগ সৃষ্টির ব্যবস্থা করা হবে। | • টাঙ্গাইল জেলা কারাগারে স্থাপিত প্রিজন লিংক এর অনূরুপ প্রিজন লিংক অপরাপর কারাগারসমূহে স্থাপনের বিষয়ে নিম্নোক্ত কার্যক্রম গ্রহণপূর্বক একটি ধারণাপত্র আগামী ১৫ দিনের মধ্যে সৈয়দ বেলাল হোসেন, যুগ্মসচিব (কারা) সচিব মহোদয়ের নিকট উপস্থাপন করা।<br>**ক.** টেকনিকাল দিকসমূহ নির্ধারণের জন্য এটুআই এর সাথে জরুরি সভার মাধ্যমে টেকনোলজি সর্ম্পকে সুস্পষ্ট ধারণা লাভ ও টাঙ্গাইলের মত অন্যান্য কারাগারে প্রিজন লিংক স্থাপনের উদ্যোগ গ্রহণ করা;<br>**খ.**"কারাগারে টেলিফোন বুথ স্থাপন" এর সাথে সম্পৃক্ত কল ম্যানেজমেন্ট এবং এ সংক্রান্ত সফটওয়্যার নির্মাণ ও কর্মপদ্ধতি প্রণয়ন করা;<br>**গ.** ১ম পর্যায়ে কেন্দ্রীয় কারাগারসমূহ হতে শুরু করে পর্যায়ক্রমে অন্যান্য কারাগারে সপ্তাহে ০১ দিন বন্দিদের পরিবারের সাথে মোবাইলে কথা বলার নির্দেশনা বাস্তবায়ন করা। | কারা মহাপরিদর্শক, কারা অধিদপ্তর/ সংশ্লিষ্ট অনুবিভাগ প্রধান। |
| ২.৩ | কারা অধিদপ্তর (নির্দেশনা-০৫টি) | নির্দেশনা-১: বিভিন্ন মামলায় মৃত্যুদন্ড প্রদত্ত আদেশগুলো দ্রুত কার্যকর করতে উদ্যোগ নিতে হবে। প্রয়োজনে আলাদা সেল গঠন এবং আইন মন্ত্রণালয়ের সহায়তা গ্রহণ করা। অডিও ভিডিও ভিজ্যুয়াল এর মাধ্যমে স্বাক্ষি প্রদান | • উচ্চ আদালতে চলমান ডেথ রেফারেন্স এবং আপিল মামলাসমূহ দ্রুত নিষ্পত্তির লক্ষ্যে আইন মন্ত্রণালয়ের সহায়তা গ্রহণ করার লক্ষ্যে নিবিড় যোগাযোগ রক্ষা করা। | সংশ্লিষ্ট অনুবিভাগ প্রধান/উপসচিব (কারা) |
| | | অডিও ভিডিও ভিজ্যুয়াল এর মাধ্যমে স্বাক্ষি প্রদান | • অডিও-ভিজ্যুয়াল কোর্ট এর মাধ্যমে কারাগারে অবস্থিত বন্দিদের উপস্থিতিতে স্বাক্ষ্য গ্রহণের বিষয়ে স্বাক্ষ্য আইন ও এতদসংশ্লিষ্ট অন্যান্য আইনগত দিক খতিয়ে দেখে একটি ধারণা পত্র তৈরির জন্য নিম্নবর্ণিত কমিটি গঠন করা হলোঃ<br>১) জনাব প্রদীপ রঞ্জন চক্রবর্তী, অতিরিক্ত সচিব (অগ্নি, অঃদাঃ,কারা অনুবিভাগ)- আহ্বায়ক,<br>২) জনাব কর্ণেল মোহাম্মদ ইকবাল হাসান অতিরিক্ত কারা মহাপরিদর্শক-সদস্য,<br>৩) জনাব শিরীন রুবী, উপসচিব (বহিরাগমন-৩),<br>৪) জনাব মোহাম্মদ মিজানুর রহমান, উপপ্রধান-সদস্য, ৫) জনাব মোহাম্মদ তৌহিদুল ইসলাম, কারা উপমহাপরিদর্শক, ঢাকা বিভাগ,<br>৬) জনাব সুরাইয়া আক্তার, সহকারী কারা মহাপরিদর্শক, কারা অধিদপ্তর। | সংশ্লিষ্ট কমিটি |

| | | | | |
|---|---|---|---|---|
| | | নির্দেশনা-২: কেরাণীগঞ্জে কেন্দ্রীয় কারাগার স্থানান্তরের পর কারাগারের বিদ্যমান জায়গায় শীঘ্রই নতুন কর্মপরিকল্পনা বাস্তবায়ন করতে হবে **(মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক ০১-১১-২০১৮ তারিখে প্রকল্পের নির্মাণ কাজের ভিত্তি প্রস্তর স্থাপন করা হয়েছে)**। | • গত ১১-০৯-২০১৮ তারিখে প্রকল্পটি একনেক কর্তৃক অনুমোদিত হয়েছে। ০১-১১-২০১৮ তারিখে নির্মাণ কাজের উদ্ভোধন করা হয়েছে। | সংশ্লিষ্ট অনুবিভাগ প্রধান। |
| | | নির্দেশনা-৩ : কারাবন্দিদের মধ্যে জঙ্গি সম্পৃক্ততা নিয়ন্ত্রণ করার লক্ষ্যে কারারক্ষীদের টেরোরিজম প্রতিরোধ বিষয়ক প্রশিক্ষণ প্রদান করা । | • জঙ্গি সম্পৃক্ততা নিয়ন্ত্রণ করার লক্ষ্যে কারারক্ষীদের টেরোরিজম প্রতিরোধ বিষয়ক নিয়মিত প্রশিক্ষণের আয়োজন অব্যাহত রাখা;<br>• মোট কারারক্ষীর সংখ্যা উল্লেখপূর্বক এ পর্যন্ত কতজন করারক্ষীকে প্রশিক্ষণ প্রধান করা হয়েছে এবং অবশিষ্ট কারারক্ষীদের প্রশিক্ষণ কার্যক্রম কতদিনের মধ্যে সম্পাদিত হবে সে সম্পর্কে সুস্পষ্ট ভবিষ্যত পরিকল্পনা দৃঢ় আকারে সমন্বয় সভায় উপস্থাপন করা। | কারা মহাপরিদর্শক, কারা অধিদপ্তর/সংশ্লিষ্ট অনুবিভাগ প্রধান। |
| | | নির্দেশনা-৪: ঢাকা কেন্দ্রীয় কারাগারের জায়গা হতে কম্বল কারখানা সরানোর ব্যবস্থা গ্রহণ করতে হবে। কারাখানার জায়গা সম্পূর্ণ উন্মুক্ত রাখতে হবে। | • ঢাকা কেন্দ্রীয় কারাগারের জায়গা হতে কম্বল কারখানা সরানোর বিষয়ে দেওয়ানী আপিল মোকদ্দমার রায় ও ডিগ্রির বিরুদ্ধে এ্যাডভোকেট মো: বদরুল ইসলাম এর মাধ্যম্যে সুপ্রিমকোর্ট এর হাইকোর্ট বিভাগে দায়েরকৃত সিভিল রিভিশন মামলার যথাযথ তদারকি করা। | সংশ্লিষ্ট অনুবিভাগ প্রধান। |
| | | নির্দেশনা-৫: বৃষ্টির পানি সংরক্ষণ ও ব্যবহারের ব্যবস্থা করতে হবে। | **বাস্তবায়িত** | |
| ২.৪ | ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর (প্রতিশ্রুতি-০৯টি ) | প্রতিশ্রুতি-১: মেহেরপুর জেলার মুজিবনগর ও গাংনী উপজেলায় অগ্নি নির্বাপণ কেন্দ্র স্থাপন। (গাংনী উপজেলায় অগ্নি নির্বাপণ গত ০১-১১-২০১৮ তারিখে মাননীয় প্রধান মন্ত্রী কর্তৃক উদ্বোধন করা হয়েছে-বাস্তবায়িত)। | • মেহেরপুর জেলার মুজিবনগর ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন স্থাপনের পুর্ত কাজ ১৫% সম্পন্ন হয়েছে। প্রকল্প বাস্তবায়ন সন্তোষজনক নয়। অবশিষ্ট কাজ দ্রুততার সাথে সম্পন্ন করা। | মহাপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর/ সংশ্লিষ্ট অনুবিভাগ প্রধান। |
| | | • প্রতিশ্রুতি-২: সিরাজগঞ্জ জেলার চৌহালী, তাড়াশ ও কামারখন্দ উপজেলায় অগ্নি নির্বাপণ কেন্দ্র স্থাপন। **(তাড়াশ ও কামারখন্দ উপজেলা ফায়ার স্টেশনটি গত ০১-১১-২০১৮ তারিখে মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক উদ্বোধনকৃত-আংশিক বাস্তবায়িত)**। | • চৌহালী উপজেলার প্রস্তাবিত ভূমির অধিগ্রহণ শেষে দ্রুত দখল বুঝে নেয়ার লক্ষ্যে, ভূমি মন্ত্রণালয়, পানি সম্পদ মন্ত্রণালয় এবং জেলা প্রশাসকের সাথে যোগাযোগ অব্যাহত রাখা। | মহাপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর/ সংশ্লিষ্ট অনুবিভাগ প্রধান। |
| | | • প্রতিশ্রুতি-৩: ত্রিশাল, গৌরিপুর ও নান্দাইল উপজেলায় ফায়ার সার্ভিস স্টেশন স্থাপন **(ত্রিশাল উপজেলায় ফায়ার স্টেশনটি গত ২২-০৫-২০১৭ তারিখে চালু করা হয়েছে, নান্দাইল ফায়ার স্টেশনটি ০১-১১-২০১৮ তারিখে মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক উদ্বোধনকৃত-আংশিক বাস্তবায়িত)**। | • গৌরিপুর উপজেলার ফায়ার সার্ভিস স্টেশনটির নির্মাণকাজ দ্রুত সম্পন্ন করা। | মহাপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর/ সংশ্লিষ্ট অনুবিভাগ প্রধান। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | প্রতিশ্রুতি-৪: সুনামগঞ্জ জেলার সকল উপজেলায় অগ্নি নির্বাপণ কেন্দ্র নির্মাণ। **(দক্ষিণ সুনামগঞ্জ, জামালগঞ্জ, দিরাই ও শাল্লা উপজেলা ফায়ার স্টেশনটি ০১-১১-২০১৮ তারিখে মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক উদ্বোধনকৃত।)** | • ধর্মপাশা উপজেলায় ফায়ার স্টেশনের পূর্তকাজের অগ্রগতি সন্তোষজনক নয়। ধর্মপাশা উপজেলার ফায়ার স্টেশন নির্মাণকাজ দ্রুত শেষ করা;<br>• জেলা প্রশাসক, সুনামগঞ্জের সাথে দাপ্তরিক ও ব্যক্তিগত যোগাযোগ অব্যাহত রেখে দোয়ারা বাজার উপজেলায় ও তাহিরপুর উপজেলায় ফায়ার স্টেশন স্থাপনের জন্য জমি অধিগ্রহণ কাজ দ্রুত সম্পন্ন করা। | মহাপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর/ সংশ্লিষ্ট অনুবিভাগ প্রধান। |
| | | প্রতিশ্রুতি-৫ : বরগুনা জেলার যে সকল উপজেলায় ফায়ার সার্ভিস স্টেশন নেই সে সকল উপজেলায় ফায়ার সার্ভিস স্টেশন স্থাপন (বামনা উপজেলায় ফায়ার স্টেশনের পূর্ত কাজ ১০০% সম্পন্ন হয়েছে)। | • তালতলী উপজেলায় ফায়ার স্টেশন নির্মাণের পূর্তকাজের অগ্রগতি সন্তোষজনক নয়। তালতলী ও বেতাগী উপজেলা ফায়ার স্টেশনের পূর্তকাজ দ্রুত সম্পন্ন করা; | মহাপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর/ সংশ্লিষ্ট অনুবিভাগ প্রধান। |
| | | প্রতিশ্রুতি-৬ : চাঁদপুর জেলার যে সকল উপজেলায় ফায়ার সার্ভিস স্টেশন নেই সেসব উপজেলায় ফায়ার সার্ভিস স্টেশন স্থাপন **(মতলব দক্ষিণ ফায়ার স্টেশনটি ০১-১১-২০১৮ তারিখে মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক উদ্বোধনকৃত)**। | • চাঁদপুর জেলার মতলব উত্তর উপজেলায় ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন স্থাপনের লক্ষ্যে খাস জমি দীর্ঘ মেয়াদী বন্দোবস্ত প্রস্তাব ভূমি মন্ত্রণালয় কর্তৃক অনুমোদনের প্রেক্ষিতে সেলামীর অর্থ পরিশোধ করা হয়েছে। এক্ষণে ফায়ার স্টেশন নির্মাণকাজ দ্রুত শুরু করা।<br>• চাঁদপুর জেলার ফরিদগঞ্জ উপজেলায় ফায়ার স্টেশন স্থাপনের লক্ষ্যে বাস্তবায়নাধীন ২৫ প্রকল্পে অন্তর্ভুক্ত করে প্রকল্পের ডিপিপি পরিকল্পনা কমিশন কর্তৃক পিইসি সভায় সুপারিশকৃত প্রস্তাব অনুযায়ী পরবর্তী কাজ দ্রুত সম্পন্ন করা; | মহাপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর/ সংশ্লিষ্ট অনুবিভাগ প্রধান। |
| | | প্রতিশ্রুতি-৭: কুড়িগ্রাম জেলার ভুরুঙ্গামারী, ফুলবাড়ী, রাজারহাট, রৌমারী ও রাজীবপুর উপজেলায় ফায়ার সার্ভিস স্টেশন স্থাপন প্রসঙ্গে **(রৌমারী (কর্তৃমারী) উপজেলা ফায়ার স্টেশনটি ০১-১১-২০১৮ তারিখে মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক উদ্বোধনকৃত)**। | • রাজিবপুর উপজেলায় ফায়ার স্টেশন নির্মাণ কাজ নির্ধারিত সময়ে সম্পন্ন করা;<br>• ভুরুঙ্গামারী, ফুলবাড়ী, রাজারহাট উপজেলার ফায়ার স্টেশনের ভূমি অধিগ্রহন কার্যক্রম দ্রুত সম্পন্ন করা, এ লক্ষ্যে জেলা প্রশাসকের কার্যালয়ে যোগাযোগ অব্যাহত রাখা। | মহাপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর/ সংশ্লিষ্ট অনুবিভাগ প্রধান। |
| | | • প্রতিশ্রুতি-৮: টুঙ্গীপাড়া, কোটালীপাড়া, কাশিয়ানী ও মুকসুদপুর ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স এর পুর্ণাঙ্গ অফিস স্থাপন | বাস্তবায়িত | |
| | | • প্রতিশ্রুতি-৯: নারায়ণগঞ্জ সদর ও বন্দর উপজেলায় ফায়ার সার্ভিস স্টেশনগুলো আধুনিকায়ন করা | বাস্তবায়িত | |
| ২.৫ | ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর (নির্দেশনা-০২টি) | নির্দেশনা-১: নানা রকম দুর্ঘটনা, ভূমিকম্প এবং পরিবেশ বিপর্যয়ের মত প্রাকৃতিক দুর্যোগ মোকাবেলায় সক্ষমতা অর্জনে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সকে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। | • মর্ডানাইজেশন অব ফায়ার সার্ভিস সিভিল ডিফেন্স প্রকল্পের অনুমোদিত ডিপিপির নির্দেশনা মোতাবেক সরঞ্জাম সংগ্রহের লক্ষ্যে আহব্বানকৃত দরপত্র নির্ধারিত সময় ও নিয়ম অনুযায়ী সম্পন্ন করা। | মহাপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর/ সংশ্লিষ্ট অনুবিভাগ প্রধান /উপপ্রধান (পরিকল্পনা কোষ) |

| | | | | |
|---|---|---|---|---|
| | | নির্দেশনা-২: বন্যা/দুর্যোগ মোকাবেলা এবং শিক্ষার কার্যক্রম অব্যাহত রাখার লক্ষ্যে পরীক্ষা-নিরীক্ষাক্রমে দুর্যোগ প্রবণ উপজেলায় স্থায়ী আশ্রয় কেন্দ্র-কাম-পরীক্ষা কেন্দ্র স্থাপন এবং একই প্রকৃতির এলাকার ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের অর্গানোগ্রামে একটি ডুবুরি দল অন্তর্ভুক্তকরণ। | • নির্দেশনাটি বাস্তবায়নের জন্য সকল প্রকার উদ্যোগ গ্রহণ করা। | |
| ২.৬ | বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর (নির্দেশনা-৪টি) | নির্দেশনা-১: নির্ধারিত সময়ের মধ্যে এমআরপি প্রদানের লক্ষ্যমাত্রা পূরণের প্রচেষ্টা জোরদার করতে হবে। | বাস্তবায়িত | |
| | | নির্দেশনা-২: ইংল্যান্ড, ইতালী, সৌদিআরবসহ মধ্যপ্রাচ্যের দেশগুলোতে কূটনৈতিক ব্যাগের মাধ্যমে এমআরপি প্রেরণ করার কথা বলা হলেও পৌছাতে দেরি হওয়ার কারণ কি তা পরীক্ষা করে জরুরিভিত্তিতে সমস্যার সমাধান করতে হবে। উল্লেখিত দেশসমূহে পর্যাপ্ত জনবল ও অধিক সংখ্যক প্রিন্টার মেশিন সরবরাহ করতে হবে। | বাস্তবায়িত | |
| | | নির্দেশনা-৩: প্রক্রিয়াধীন ০৮ টি দেশে ১০ টি অফিসের জন্য কর্মকর্তা নিয়োগের প্রক্রিয়া দ্রুত সম্পন্ন করতে হবে। অপর প্রস্তাবিত দেশগুলোর মধ্যে থেকে আপাতত ইউকে, ইউএসএ এবং ইইউভুক্ত যে কোন একটি দেশে পাসপোর্ট অফিস খোলা এবং কর্মকর্তা নিয়োগের কার্যক্রম গ্রহণ করা যেতে পারে। | বাস্তবায়িত। | |
| | | নির্দেশনা-৪: সারাদেশে এবং বিদেশে বাংলাদেশ দূতাবাসে MRP এবং MRV বিষয়ে পদক্ষেপ নিতে হবে। ১৯টি বাংলাদেশ মিশনের মধ্যে ১০টি মিশনে পাসপোর্ট ও ভিসা কার্যক্রমের জন্য ১ম শ্রেণির ১০টি পদ সৃজন করা হবে। | বাস্তবায়িত | |
| ২.৭ | মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর (নির্দেশনা-০৫টি) | নির্দেশনা-১: সোনা /মাদক/অস্ত্র/ শিশু ও মানবপাচার এর বিরুদ্ধে অভিযান অব্যাহত রাখা। | • স্থানীয় প্রশাসন ও পুলিশ, র‍্যাব, বিজিবির সমন্বয়ে মাদকপ্রবণ এলাকায় বিশেষ অভিযান পরিচালনা অব্যাহত রাখা: মাদকের বিরুদ্ধে টাস্কফোর্সের অভিযান পরিচালনা অব্যাহত রাখা;<br>• মাদকের বিরুদ্ধে অভিযান পরিচালনা বিষয়ে গত ৩(তিন) মাসের পরিচালিত অভিযানের সাথে বিবেচ্য মাসের অভিযানের তুলনামূলক বিবরণী প্রস্তুতপূর্বক অতিরিক্ত সচিব(মাদক) কর্তৃক সভায় উপস্থাপন করা;<br>• সিসা বারসমূহে টাস্কফোর্সের অভিযান অব্যাহত রাখা | মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর/সংশ্লিষ্ট অনুবিভাগ প্রধান |

| | | | | |
|---|---|---|---|---|
| | | | এবং দৃশ্যমান অগ্রগতি সমন্বয় সভায় উপস্থাপন করা;<br>• দায়েরকৃত মামলাসমূহ যথাযথভাবে তদারকিকরণ অব্যাহত রাখা;<br>• মামলার তারিখে সাক্ষী হাজির করা হচ্ছে কিনা-তা নজরদারি অব্যাহত রাখা;<br>• জব্দকৃত মালামাল সঠিকভাবে রাখা হচ্ছে কিনা, তার মনিটরিং অব্যাহত রাখা;<br>• সরকারের বিপক্ষে রায় হওয়া মামলাসমূহের মধ্যে দৈবচয়ন পদ্ধতিতে মামলার হেরে যাওয়ার কারণ অনুসন্ধান করে করণীয় ঠিক করা এবং মন্ত্রণালয়কে অবহিত করা;<br>• মাদকের ভয়াবহ ক্ষতিকর দিক সম্পর্কে ব্যাপক গণসচেতনতা সৃষ্টির জন্য জেলাভিত্তিক, অঞ্চলভিত্তিক বড় সমাবেশের মত কর্মসূচি গ্রহণ অব্যাহত রাখা। | |
| | | নির্দেশনা-২ : স্বরাষ্ট্র মন্ত্রণালয় এবং এ মন্ত্রণালয়ের অধীন মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের কর্মকর্তা/ কর্মচারীগণের দাবীকৃত রেশন ও ভাতার বিষয়ে অর্থ মন্ত্রণালয়ের সাথে সমন্বয়ের মাধ্যমে নিষ্পত্তি করতে হবে। | • সংশ্লিষ্ট মন্ত্রণালয় এর সাথে যোগাযোগ করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা। | মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর/সংশ্লিষ্ট অনুবিভাগ প্রধান। |
| | | নির্দেশনা-৩:এনজিও পরিচালিত মাদকাসক্তি নিরাময় কেন্দ্রের মাধ্যমে যাতে মাদক দ্রব্যের বিস্তার না ঘটে সেজন্য এ ধরনের প্রতিষ্ঠানগুলোকে যথাযথ নজরদারির আওতায় আনা। | • এনজিও পরিচালিত মাদকাসক্তি নিরাময় কেন্দ্রসমূহ নিয়মিত পরিদর্শন অব্যাহত রাখা;<br>• প্রতিমাসে কয়টি এনজিও পরিচালিত নিরাময় কেন্দ্র পরিদর্শন করা হয়েছে তার তথ্য ছকে উল্লেখপূর্বক মাসিক সভায় উপস্থাপন করা;<br>• নিরাময় কেন্দ্র প্রতিষ্ঠার জন্য বেসরকারি উদ্যোক্তাদের-কে উৎসাহ প্রদান করা। | মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর/ অনুবিভাগ প্রধান(সকল)। |
| | | নির্দেশনা-৪ : ডিসি-ডিএম সভার অনুরূপ মিয়ানমারের সাথে ইয়াবাসহ অন্যান্য দ্রব্য পাচার ও অবৈধ অনুপ্রবেশ ঠেকাতে উভয় পক্ষের তৃণমূল পর্যায়ের প্রতিনিধিদের আলোচনা শুরুর বিষয়ে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ। | • মিয়ানমারের সাথে ইয়াবাসহ অন্যান্য দ্রব্য পাচার ও অবৈধ অনুপ্রবেশ ঠেকাতে ডিসি-ডিএম সভা অনুষ্ঠানের জন্য পররাষ্ট্র মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ অব্যাহত রাখা। | মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর/সংশ্লিষ্ট অনুবিভাগ প্রধান। |
| | | নির্দেশনা-৫ : মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন ১৯৯০ যুগোপযোগী করার লক্ষ্যে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ (গত ২৭-১০-২০১৮ তারিখে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮ বাংলাদেশ জাতীয় সংসদে পাশ হয়েছে)। | **বাস্তবায়িত** | |

৩। পরিশেষে উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি কর্তৃক সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(ফরিদ উদ্দিন আহ্‌মদ চৌধুরী)
সচিব
সুরক্ষা সেবা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়।